Programme Outcomes, Programme Specific Outcomes and Course Outcomes

For PG Programmes

Programme Name: ***M.***A ***in*** Bengali

Number of Semesters: 4

Department of Bengali
University of North Bengal
West Bengal, INDIA

Programme Outcomes :

- এই পাঠ্য তালিকা ছাত্র-ছাত্রীদের বাংলা সাহিত্য সম্পর্কে ধারণা গড়ে তুলতে এবং পরবর্তী গবেষণাকর্মে সাহায্য করবে।
- সাহিত্য পাঠ ও সাহিত্য তাত্ত্বিক ধারণা গড়ে তুলতে সাহায্য করবে।
- বাংলা সাহিত্যের আর্থ-সামাজিক, রাজনৈতিক, ধর্মীয় ও ঐতিহাসিক দিকগুলিকে বুঝতে সাহায্য করবে। সমাজ ইতিহাসের পরিবর্তন কীভাবে জনজীবনে পরিবর্তন ঘটায় এবং সাহিত্যের রূপরীতিগত পরিবর্তন ঘটায় তা বুঝতে সাহায্য করবে।
- বাংলা সাহিত্যের বিভিন্ন কালপর্বগুলিকে বুঝতে এবং বিশিষ্ট সাহিত্যিকদের সাহিত্য কৃতিত্ব সম্পর্কে ধারণা দান করবে।
- জাতি হিসাবে বাঙালির নিজস্বতা, নৃতত্ত্ব, সমাজতত্ত্বকে জানতে সাহায্য করবে, সেই সঙ্গে ভারতীয় অন্যান্য ভাষা-সাহিত্যের ধারণা দান করবে।
- ছাত্রছাত্রীরা নিজ জাতিসত্তার মূলানুসন্ধান করে আত্মসচেতন নাগরিক হিসাবে গড়ে উঠতে পারবে।
- মানবজীবন ও মানবদর্শন সম্পর্কে ধারণা তৈরি হবে।

Programme Specific Outcomes :

- এই পাঠ্যতালিকা থেকে বাংলা সাহিত্যের ইতিহাস সম্পর্কে জ্ঞান লাভ করবে।
- আর্থ-সামাজিক পটভূমি, গুরুত্বপূর্ণ সামাজিক সাংস্কৃতিক রাজনৈতিক আন্দোলন, সাহিত্যের প্রকরণ, লেখক ও সৃষ্টিকর্ম সম্পর্কে ধারণা দান করবে।
- সাহিত্য পাঠের অভ্যাস গড়ে তোলা ও পাশাপাশি গবেষণাকর্মে দক্ষতা গড়ে তুলতে সাহায্য করবে।
- ছাত্র-ছাত্রীর সাধারণ জ্ঞান, দক্ষতা এবং বিভিন্ন শিক্ষা সংক্রান্ত পারদর্শিতা গড়ে তুলবে।
- কালানুক্রমিকভাবে জনজীবনের বৈচিত্র্যময় রূপকে জানতে পারবে।

SEMESTER - 1

COURSE CODE -1	COURSE NAME	COURSE OBJECTIVE	COURSE OUTCOME
BANG-CT-101	বাংলা সাহিত্যের ইতিহাস – প্রথম পর্যায়	বাংলা সাহিত্যের সূচনা পর্ব অর্থাৎ নবম-দশম শতাব্দী থেকে অষ্টাদশ শতাব্দী পর্যন্ত প্রাচীন ও মধ্যযুগের বাংলা ভাষা ও সাহিত্য পাঠ করে ঐ সময়পর্বের জনজীবন, ধর্ম-সংস্কৃতি, আর্থ-সামাজিক ও ঐতিহাসিক পরিস্থিতি সম্পর্কে ছাত্রছাত্রীরা ধারণা তৈরী করতে পারবে যার মধ্য দিয়ে বাঙালি জাতির ইতিহাস ও পরম্পরা সম্পর্কে দার্শনিক-নান্দনিক দৃষ্টিভঙ্গি থেকে জানতে পারবে।	এই কোর্সটি ছাত্রছাত্রীদের প্রাচীন ও মধ্যযুগের সাহিত্য ও তার গতিপ্রকৃতি সম্পর্কে অবহিত করবে। মধ্যযুগের কবি ও সমাজ-সংস্কৃতি সংস্কারকদের সমাজ-সংস্কৃতিতে অবদান সম্পর্কে জানতে পারবে।
BANG-CT-	বাংলা সাহিত্যের	সাহিত্য হল সমাজের দর্পণ সাহিত্যের বিষয় মানব	এই কোর্সটি থেকে ছাত্রছাত্রীরা

102	ইতিহাস – দ্বিতীয় পর্যায়	চরিত্র এবং মানব হৃদয়। উনিশ-বিশ শতকে আর্থ-সামাজিক, সাংস্কৃতিক প্রেক্ষাপটের পরিবর্তনে জনজীবনের যে পরিবর্তন সাধিত হচ্ছে তার ছাপ সাহিত্যের বিভিন্ন শাখা-প্রশাখায় পড়ছে এবং এর ফলে সমাজ-সংস্কার আন্দোলন, ধর্ম-সংস্কার আন্দোলন, নতুন সাংস্কৃতিক চেতনার জন্ম হচ্ছে সেগুলি সম্পর্কে পরিচয় লাভ করবে।	উনিশ শতকের আধুনিক সাহিত্যের উদ্ভব ও ক্রমবিকাশ এবং ধারা সম্পর্কে জানতে পারবে। সমাজ-সংস্কার আন্দোলন ও সংস্কারকদের ভূমিকা সাহিত্যে তার প্রয়োগ এবং সাহিত্যিকদের সম্পর্কে জানতে পারবে।
BANG-CT-103	ভাষাতত্ত্ব	ভারতীয় আর্যভাষার সঙ্গে বাংলা ভাষার সংযোগ কীরূপ তা জানতে গোটা পৃথিবীর ভাষাগোষ্ঠী তথা ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠী থেকে কিভাবে ভারতীয় আর্যভাষা এসেছে এবং ভারতীয় আর্যভাষা তার প্রাচীন-মধ্য-অন্ত্য স্তর পেরিয়ে অর্থাৎ বৈদিক-সংস্কৃত ভাষা থেকে পালি-প্রাকৃত-অপভ্রংশ-অবহট্‌ঠ হয়ে অন্ত্য ভারতীয় আর্যস্তরে এসে কাশ্মীরী, গুজরাটী, গাড়োয়াল ইত্যাদি ভাষার মতো বাংলা ভাষারূপ পেয়েছে সে সম্পর্কে অবহিত করা, যাতে ভাষা-সংস্কৃতির ধারণা স্পষ্ট হয়।	এই কোর্স থেকে ভারতীয় ভাষা সমূহ, বিশেষত বাংলা ভাষার উদ্ভব, ক্রমবিকাশ, ভাষার গঠন ও অন্যান্য ভারতীয় ভাষাবংশের সঙ্গে সম্পর্ক বিষয়ে জ্ঞান লাভ করবে।
BANG-CT-104	প্রাচীন ও মধ্যযুগের সাহিত্য	প্রাচীন ও মধ্যযুগের এই সাহিত্য থেকে সেই সময়কার বাংলার আর্থসামাজিক – সাংস্কৃতিক অবস্থা, ভাষাগত ও সংস্কৃতিগত বিবর্তন, দর্শন ও সাহিত্যরীতি, সাহিত্যতত্ত্ব চিহ্নিত হয়ে আছে। রাজনৈতিক পটপরিবর্তনে সাহিত্যের রীতি ঘটিত পরিবর্তন এবং সাহিত্যে তার বিধৃত রূপটি অন্বেষণ করা সম্ভব।	এই কোর্সে চর্যাপদ, শ্রীকৃষ্ণকীর্তন, চৈতন্যচরিতামৃত গ্রন্থ থেকে সাহিত্যিকদের জীবনদর্শন, সাহিত্য প্রকরণ ও সাহিত্য-ভাবনা সম্পর্কে ছাত্রছাত্রীরা জ্ঞান লাভ করবে।
BANG-CT-105	মধ্যযুগের সাহিত্য	বাংলা সাহিত্যের এই কোর্সটিতে মধ্যযুগের পঞ্চদশ থেকে অষ্টাদশ শতাব্দী পর্যন্ত সময়কালের সামাজিক-সাংস্কৃতিক-অর্থনৈতিক ও রাজনৈতিক চালচিত্র বিধৃত হয়ে আছে। অনুবাদ সাহিত্য, মঙ্গলকাব্য ও বৈষ্ণব পদাবলি এই সময়ের সাহিত্যের তিনটি ধারায় ভাষা ও সাহিত্যের গতিপ্রকৃতি সহ বাঙালি-জীবনের নানা কথা ধরা পড়েছে।	মনসামঙ্গল, বৈষ্ণব পদাবলি, শ্রীকৃষ্ণবিজয় এই তিনটি গ্রন্থ মধ্যযুগীয় সাহিত্যের প্রধান তিনটি ধারার প্রতিনিধিত্ব করছে। ছাত্রছাত্রীরা বাঙালির আত্মস্বরূপ অন্বেষণ করতে পারবে এই সাহিত্য থেকে।
BANG-CT-106	উত্তরবঙ্গের সাহিত্য	এই কোর্সে উত্তরবঙ্গের ভৌগোলিক, রাজন্যবৃত্ত, সাংস্কৃতিক ও মানব সম্পদ সম্পর্কে অবগত হওয়া সম্ভব। বাংলাদেশের ভৌগোলিক পরিসর থেকে উত্তরবঙ্গ নানা বিষয়ে স্বতন্ত্র – উত্তরবঙ্গের সাহিত্য পাঠে তা জানা সম্ভব।	কোচবিহার রাজসভার সাহিত্য থেকে উত্তরবঙ্গের সাহিত্য চর্চার অবস্থান বোঝা সম্ভব। গোসানীমঙ্গল, মানিক দত্তের চণ্ডীমঙ্গল কাব্য থেকে সাংস্কৃতিক উত্তরাধিকার সম্পর্কে ছাত্রছাত্রীরা জ্ঞানলাভ করতে পারবে।

2nd Semester

BANG-CT-201	ভাষাবিজ্ঞান	এই কোর্সে ভাষার বিজ্ঞান ভিত্তিক অধ্যয়ন করা সম্ভব। ভাষা কিভাবে সংস্কৃতিকে নির্মাণ করে, জনজীবনের সঙ্গে ভাষার আন্তঃসম্পর্ক ও তার নিয়মনীতির অনুসন্ধান করা এই কোর্সের লক্ষ্য।	ছাত্র-ছাত্রীরা ভাষার বিজ্ঞান-ভিত্তিক অধ্যায়ন করতে পারবে। একটা জাতির ভাষা থেকে তার নৃতত্ত্ব, সমাজতত্ত্ব ভাষার গঠন গতিপ্রকৃতি ও মানবিক সম্পর্কের অধ্যয়ন করতে পারবে।
BANG-CT-202	গদ্য	এই কোর্স থেকে বাংলা গদ্য সাহিত্যের উদ্ভব ও গতি প্রকৃতি সম্বন্ধে জ্ঞান লাভ সম্ভব। সমাজ চরিত্র, ব্যক্তি চরিত্র ও মানবিক সম্পর্কের বহুবিচিত্র প্রবণতা এবং গদ্য সাহিত্যের বিকাশ উনিশ শতকের অন্যান্য সাহিত্যের গড়ে ওঠার ক্ষেত্রে সহায়ক হয়েছে তা বোঝা সম্ভব হবে।	ছাত্র ছাত্রীরা এই কোর্স থেকে বাংলা গদ্য সাহিত্যের উদ্ভব থেকে ক্রমবিকাশের ধারাটি অনুধাবন করতে পারবে সীতার বনবাস, হুতোম প্যাঁচার নকশা ও দেবেন্দ্রনাথ ঠাকুরের আত্মজীবনী পাঠে বিদ্যাসাগরের অনুবাদের গুরুত্ব, আঞ্চলিক ভাষায় সাহিত্য রচনার প্রচেষ্টা এবং দেবেন্দ্রনাথের আত্মজীবনী থেকে উনিশ শতকের বাঙালির মনন সাধনার কথা জানতে পারবে।
BANG-CT-203	কাব্য-কবিতা	এই কোর্স থেকে আধুনিক বাংলা কাব্যের উদ্ভব ও তার গতিপ্রকৃতি বোঝা সম্ভব। মহাকাব্য আখ্যান কাব্যের ধারা থেকে গীতি কাব্যের উদ্ভব এবং ক্লাসিক সাহিত্য রীতি থেকে মন্ময় সাহিত্যের ব্যক্তি-কেন্দ্রিক, আবেগ-উচ্ছ্বাস, ভাব ও সাহিত্য ভাবনার পরিচয় পাওয়া সম্ভব	এই কোর্স থেকে ছাত্রছাত্রীরা উনিশ শতকের বাঙালীর নতুন কাব্যরীতি সম্পর্কে জ্ঞান লাভ করবে।
BANG-CT-204	নাটক	এই কোর্সে বাংলা নাটকের উদ্ভব ও ক্রমবিকাশের রূপটি বিধৃত হয়ে আছে। উনিশ ও বিশ শতকে বাংলা নাটকের নতুন রীতিকে বুঝতে সাহায্য করবে। এই সময়ের সামাজিক ও সাংস্কৃতিক আন্দোলন কীভাবে নাট্যকারদের সৃষ্টিকর্মে সহায়ক হয়েছে তা জানা যাবে।	এই কোর্স থেকে ছাত্রছাত্রীরা নতুন ধারার নাট্যরীতি ও মঞ্চায়ন সম্পর্কে জ্ঞান লাভ করবে। নাট্যকারগণের নিজস্ব চিন্তা-ভাবনা ও অবদান সম্পর্কে জ্ঞান লাভ করতে পারবে।
BANG-CT-205	উপন্যাস	এই কোর্সে উনিশ ও বিশ শতকের নতুন সাহিত্য ধারা হিসাবে উপন্যাসের জন্ম ও ক্রমবিকাশের রূপটি বিধৃত হয়েছে। যুগজীবনের পরিবর্তনের ফলে উপন্যাস নামক শিল্পরূপ আধুনিক জীবনের মহাকাব্য হয়ে উঠেছে তা জানতে ও বুঝতে সাহায্য করবে।	এই কোর্স থেকে ছাত্রছাত্রীরা কপালকুণ্ডলা, তিতাস একটি নদীর নাম ও নির্বাস উনিশ ও বিশ শতকের প্রতিনিধি স্থানীয় লেখকদের প্রতিনিধি স্থানীয় সৃষ্টি সম্পর্কে জ্ঞান লাভ করবে

			এবং উপন্যাস সাহিত্যের ক্রমবিকাশ বুঝতে পারবে।
BANG-CT-206	প্রবন্ধ	বাংলা গদ্য সাহিত্যের অন্যতম ধারা হিসাবে প্রবন্ধ সাহিত্য এই কোর্সের বিষয়। যুক্তি তর্কের দ্বারা নিজস্ব ভাবনার আলোকে বক্তব্য বিষয়কে প্রতিষ্ঠা করা, সাহিত্য, সমাজ জীবনের জ্বলন্ত সমস্যাগুলিকে ব্যক্তিকেন্দ্রিক দৃষ্টিকোণ থেকে বিচার করা সম্ভব হবে।	এই কোর্স থেকে ছাত্রছাত্রীরা লেখকের নিজস্ব দৃষ্টিকোণ থেকে যুক্তিজাল বিস্তার করে বক্তব্য বিষয়কে প্রতিষ্ঠা করতে শিখবে।

3rd Semester

BANG-CT-301	সাহিত্যতত্ত্ব	এই কোর্সে প্রাচ্য ও পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সাহিত্য বিচার বিশ্লেষণের রীতিপদ্ধতি বিধৃত হয়েছে।প্রাচীন ভারতীয় ধ্রুপদী সাহিত্য বিচার,পাশ্চাত্য ধ্রুপদী সাহিত্যের তুলনামূলক অধ্যয়ন ও দার্শনিক ভিত্তিকে জানতে ও বুঝতে সাহায্য করে।	এই কোর্স থেকে ছাত্রছাত্রীরা প্রাচ্য ও পাশ্চাত্যের ধ্রুপদী ও আধুনিক ধারণা তৈরী করতে পারবে।
BANG-CT-302	সাহিত্য সমালোচনা ও সমালোচনা সাহিত্য	এই কোর্সের বিষয়বস্তু সাহিত্য সমালোচনার রীতি পদ্ধতি নিয়ে। প্রাচ্যে ও পাশ্চাত্যে সাহিত্য জানবার ও বুঝবার নানা পদ্ধতি গড়ে উঠেছে প্রাচীনকাল থেকেই। ধ্রুপদী সাহিত্য থেকে বস্তুবাদী সমালোচনায় সমালোচকগণ দার্শনিক দৃষ্টিভঙ্গি থেকে সাহিত্যকে বিচার বিশ্লেষণ করতে চেয়েছেন সময়ের পরিবর্তনে সাহিত্যবিচারে দৃষ্টিকোণ বদলে যায় তা বোঝা সম্ভব হবে।	এই কোর্স থেকে ছাত্রছাত্রীরা সাহিত্য সমালোচনার বিভিন্ন সামগ্রিক মতাদর্শ থেকে ব্যক্তিকেন্দ্রিক মতাদর্শ সম্পর্কে বুঝতে পারবে এবং সমাজ-সাহিত্য-সংস্কৃতিকে দেখবার, বিশ্লেষণ করার দৃষ্টিকোণ গড়ে তুলতে পারবে।
BANG-CT-303	রবীন্দ্র-সাহিত্য	বাংলার সাহিত্য ইতিহাসে রবীন্দ্রনাথ সবচেয়ে গুরুত্বপূর্ণ ও প্রভাবশালী ব্যক্তিত্ব। কবি, নাট্যকার, উপন্যাসকার, গল্পকার, প্রাবন্ধিক, শিক্ষাবিদ, সমাজতাত্ত্বিক - সাহিত্যতাত্ত্বিক নানা পরিচয়ে সাহিত্যের বিভিন্ন শাখা নিজস্ব ভাব-ভাবনা, দার্শনিকতা, সৌন্দর্য ভাবনায় সমৃদ্ধ করেছেন। শুধু তাই নয় পরবর্তীকালের সাহিত্যের গতিপ্রকৃতির নির্ধারক তিনি। এই কোর্সে রবীন্দ্রসাহিত্যের নির্বাচিত অংশ থেকে ভিন্ন ভিন্ন সাহিত্যে তাঁর অবদানকে গুরুত্ব দেওয়া হয়েছে।	এই কোর্স থেকে ছাত্রছাত্রীরা রবীন্দ্রনাথের সাহিত্য দর্শন, জীবন দর্শন ও কর্মী রবীন্দ্রনাথ সম্পর্কে জ্ঞান লাভ করবে।
BANG-CT-304	ছোটোগল্প	উনিশ শতকে আর্থ-সামাজিক, রাজনৈতিক-সাংস্কৃতিক পরিবর্তনে নতুন সাহিত্য শাখা হিসাবে ছোটগল্পের জন্ম হয়। বাংলা সাহিত্যে রবীন্দ্রনাথের হাতে যার	এই কোর্সে ছাত্রছাত্রীরা নির্বাচিত লেখকদের রচনা থেকে তাঁদের দৃষ্টিভঙ্গি ও

		জন্ম এবং পরিণতি। বিশ শতকে ছোটগল্প নামক শিল্প শাখার অগ্রগতি। বিশিষ্ট রচনাকারগণের রচনা থেকে এই সময়ের সমাজ আন্দোলনের প্রেক্ষিতে ছোটগল্পের দিক বদলকে বুঝতে সাহায্য করবে।	পরিবর্তিত সময়ের প্রবণতাগুলিকে বুঝতে পারবে।
BANG-CT-305	প্রবন্ধ সাহিত্য	এই কোর্সে বিশ শতকের প্রবন্ধ সাহিত্য সম্পর্কে পাঠদান করা হবে। সমাজ-সাহিত্য-সংস্কৃতি-রাজনীতি ইত্যাদি নানা বিষয়ে প্রাবন্ধিকদের দৃষ্টিভঙ্গি ও যুক্তিজাল বিস্তৃত হয়ে আছে।	এই কোর্স থেকে ছাত্রছাত্রীরা বিশ শতকের প্রথম থেকে মধ্যকাল পর্যন্ত সাহিত্য-সমাজ-সংস্কৃতি-রাজনীতিকে বিশ্লেষণ করে নিজস্ব বোধ ও ধারণা তৈরি করতে পারবে।
BANG-CT-306	লোকসাহিত্য ও মৌখিক পরম্পরা	এই কোর্স থেকে লিখিত বাংলা সাহিত্য সৃষ্টির পূর্বে বাঙালির পরম্পরাগত মৌখিক সাহিত্য কীরূপ ছিল, শিষ্ট সাহিত্য ও লোকসাহিত্যের পারস্পরিক সম্পর্কও নির্ভরশীলতা, সর্বোপরি বাঙালির আত্মস্বরূপ সন্ধান করা সম্ভব হবে। নৃতত্ব, সমাজতত্ত্বের আলোকে জাতি হিসাবে বাঙালির নিজস্বতা সন্ধান করা হবে।	ছাত্র ছাত্রীরা এই কোর্স থেকে নিজ নিজ জাতিসত্তা ও সংস্কৃতির শিকড় সন্ধান করতে পারবে।

4th SEMESTER

BANG-ST(A)-401-406	বিশেষপত্র - ভাষাতত্ত্ব ও ভাষাবিজ্ঞান	প্রাচ্য ও পাশ্চাত্য ভাষাচর্চার মধ্য দিয়ে ভাষাতত্ত্ব অর্থাৎ ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠী থেকে ভারতীয় আর্যভাষা উদ্ভবের ইতিহাস কীভাবে প্রাচ্যে অর্থাৎ ভারতবর্ষে ও পাশ্চাত্যে আলোচিত হয়েছে তা জানার সঙ্গে এগুলির	ছাত্রছাত্রীরা ভাষাতত্ত্ব ও ভাষাবিজ্ঞানের ইতিহাস রীতি, বৈশিষ্ট্য জেনে প্রাচীন ঐতিহ্য কে কীভাবে উত্তরাধিকার সূত্রে

		ধ্বনিতাত্ত্বিক , রূপতাত্ত্বিক, বাক্য গঠনের বৈশিষ্ট্য জানবে এবং ভাষার মধ্যে শব্দবিজ্ঞান, সমাজভাষাবিজ্ঞান,মনোভাষাবিজ্ঞান, শৈলীবিজ্ঞান-এর রূপ ও রীতিগত দিকগুলি জানবে এবং ভাষা যেহেতু লিপিকে ভিত্তি করে লিখিত রূপ পায় তাই লিপির উদ্ভব ও বিকাশের পর্বগুলিকে চিনবে।	বহন করে চলেছে ভাষা সাহিত্যের মাধ্যমে তার হদিশ পাবে। নিজের ভাষাগত উৎসের সন্ধান পাবে।
BANG-ST(B)-401-406	বিশেষপত্র – মধ্যযুগের সাহিত্য	এই কোর্সে মধ্যযুগের কিছু প্রতিনিধিস্থানীয় সাহিত্য কর্ম অন্তর্ভুক্ত আছে। এখান থেকে মধ্যযুগীয় সমাজ ইতিহাসের ধারাবাহিক জ্ঞানলাভের পাশাপাশি সাহিত্যিক সমাজ-সংস্কৃতি সংস্কারগণের জীবনদর্শন, সমাজ দর্শন, সাহিত্য তাত্ত্বিক ধারণা গড়ে উঠবে। আর্থ-সামাজিক, রাজনৈতিক ও ধর্মনৈতিক পরিবর্তন কীভাবে নতুন নতুন সাহিত্য শাখার জন্ম দিয়েছে তা যেমন জানা যাবে তেমনি বাঙালির সমাজ ইতিহাসের বিবর্তনশীল চেহারা উদঘাটন করা সম্ভব হবে।	এই কোর্স থেকে ছাত্রছাত্রীরা মধ্যযুগের প্রতিনিধিস্থানীয় সাহিত্য কর্ম সম্পর্কে জ্ঞান লাভ করতে পারবে। ভাষা-সংস্কৃতি, সমাজ ও দর্শন সম্পর্কে সুনির্দিষ্ট ধারণা গড়ে তুলতে পারবে।
BANG-ST(C)-401-406	বিশেষপত্র – বাংলা নাটক	এই কোর্সে নাট্যতত্ত্ব, নাট্যমঞ্চ ও নাট্যাভিনয়ের ইতিহাস ও নাটকের ইতিহাস ধারাবাহিক ভাবে বোঝা সম্ভব হবে। বাংলার নিজস্ব নাট্যভাবনা - লোকনাট্য, যাত্রা পাঁচালি থেকে কীভাবে ইউরোপীয় নাট্যরীতির হাত ধরে বাংলা নাটকের জন্ম হল তা জানা যাবে। ইউরোপীয়দের হাত ধরে যে নাট্যাভিনয়ের সূত্রপাত হল বিচিত্র ঘাত-প্রতিঘাত অতিক্রম করে জাতীয় মঞ্চে পরিণত হল তার রূপ লাভ জ্ঞান লাভ করবে। বিশ শতকে এসে নবনাট্য গণনাট্যের প্রসেনিয়াম নাটকের ধারণা থেকে থার্ড থিয়েটার, ফোর্থ থিয়েটারের ধারণা এল তার তাত্ত্বিক, সমাজনৈতিক দার্শনিক ধারণা পাওয়া সম্ভব হবে। সেই সঙ্গে বিশিষ্ট নাট্যকারগণের সৃষ্টি সম্পর্কে জ্ঞান লাভ করা সম্ভব হবে।	এই বিশেষ পত্র থেকে ছাত্রছাত্রীরা প্রাচ্য-পাশ্চাত্য নাট্যরীতি ও নাট্যদর্শনের প্রাচীন থেকে অত্যাধুনিক ধারণা পাবে। রঙ্গমঞ্চের ইতিহাস, তার গুরুত্ব, নাট্যাভিনয়, নাট্যদর্শন এবং বিশিষ্ট নাট্যকারগণের সৃষ্টি সম্পর্কে জ্ঞান লাভ করবে।
BANG-ST(D)-401-406	বিশেষপত্র – কথাসাহিত্য	এই কোর্সের ছাত্রছাত্রীরা বাংলা উপন্যাস ও ছোটগল্প উদ্ভবের ইতিহাস ও নান্দনিক সমস্ত তত্ত্বগত দিক গুলি ধারণা নিয়ে, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় প্রমুখের উপন্যাসের বিষয় ও প্রকরণগত দিকগুলির বিশিষ্টতা কে জানতে পারবে। পাশাপাশি জগদীশ গুপ্ত, মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্পের বিষয়ের গতিপ্রকৃতি অধ্যয়ন করবে। এক্ষেত্রে অধুনা বাংলাদেশের উপন্যাস ও ছোটগল্পের গতিপ্রকৃতির কিছু বিষয় সম্পর্কে ধারণা নিতে পারবে।	প্রাচ্য-পাশ্চাত্যের উপন্যাস সাহিত্যের উদ্ভবের ইতিহাসের সঙ্গে নান্দনিক তত্ত্বের ধারণা নিয়ে বিভিন্ন কথাসাহিত্যিকের উপন্যাস ও ছোটগল্পের স্বাতন্ত্র্য ও বৈশিষ্ট্য সম্পর্কে জানতে পারবে এবং মানব জীবনের বহু বৈচিত্র্যময় জীবনধারার সঙ্গে নিজের পারিপার্শ্বিক জীবন ও প্রতিবেশ কে বুঝতে পারবে।
BANG-ST(E)-401-406	বিশেষপত্র – রবীন্দ্রসাহিত্য	রবীন্দ্রনাথ মানবজীবনকে বিচিত্র রূপে দেখেছেন ও সাহিত্যের মধ্যে দিয়ে সেই বিচিত্র জীবনের রূপকে আহরণ করে গিয়েছেন এবং একটা নিজস্ব রবীন্দ্র দর্শন তৈরি করেছেন।বিশ্বমানবের খন্ড জীবনকে তিনি অসীম ও সীমার মধ্যে দিয়ে দেখিয়ে সীমা ও অসীমের মেলবন্ধন ঘটিয়েছেন। ছাত্রছাত্রীরা বাস্তব ও বাস্তবতাকে উত্তীর্ণ করে	রবীন্দ্রনাথ চিন্তানায়ক হিসাবে যেমন বিশ্বে পরিচিতি লাভ করেছেন তেমনি সাহিত্যস্রষ্টা হিসাবেও বিশ্বে ছড়িয়ে পড়েছেন। শিক্ষার্থীরা এই কোর্স থেকে রবীন্দ্রনাথের গল্প,

		শৈল্পিক মাধুর্যের জ্ঞান আহরণ করবে। বিশ্বসাহিত্যের সঙ্গে রবীন্দ্রসাহিত্যের স্বাতন্ত্র্যকে চিনবে।	উপন্যাস, কবিতা, নাটক থেকে সেই ধারণা লাভ করতে পারবে।
BANG-ST(F)-401-406	বিশেষপত্র – লোকসংস্কৃতি ও লোকসাহিত্য	বাংলা লোকসাহিত্যের সমৃদ্ধশালী ঐতিহ্য আছে। ছড়া, প্রবাদ-প্রবচন, পাঁচালি, লোকনাট্য, লোকসংগীত লোকনৃত্য মৌখিক পরম্পরা বাহিত হয়ে বর্তমান যুগে উপনীত হয়েছে। লোকসাহিত্য ও সংস্কৃতি আলোচনার প্রচলিত ধারণার পাশাপাশি পরিবর্তমান বিশ্বে লোকসাহিত্য-সংস্কৃতি আলোচনার তাত্ত্বিক পরিসর কীভাবে বদলে গেছে তাও বোঝা সম্ভব হবে। এর মধ্যে থেকে জাতি হিসেবে বাঙালির নৃতাত্ত্বিক, সমাজতাত্ত্বিক মূলানুসন্ধান করা সম্ভব হবে।	লোকসাহিত্য এই পত্র থেকে লোকসাহিত্য ও লোকসংস্কৃতি আলোচনার তাত্ত্বিক পরিসর যেমন জানতে পারবে তেমনি বাঙালির নিজস্ব পরম্পরাগত সাহিত্য সম্পর্কে জ্ঞান লাভ করবে।
BANG-ST(G)-401-406	বিশেষপত্র – বাংলাদেশের সাহিত্য	এই কোর্সের সাহিত্য গুলি পাঠ করে ছাত্রছাত্রীরা বাংলাদেশের বাংলা ভাষা ও সাহিত্যের রূপ রীতি গতি-প্রকৃতি সম্পর্কে জানতে পারবে সেখানকার বাংলাভাষী মুসলিম সমাজের কাঠামো ও রাজনীতির প্রেক্ষাপটে বিভিন্ন সাহিত্য শাখায় সেখানকার জনজীবনের ও সংস্কৃতির ছাপ কীভাবে ছড়িয়ে পড়েছে সে সম্পর্কে অবহিত হবে এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধ কীভাবে নানাজনের স্মৃতিকথায় উঠে এসেছে তা জানতে পারবে।এছাড়াও প্রতিবেশী দেশটির সমাজ সংস্কৃতি রাজনীতি অর্থনীতি ধর্ম সম্পর্কে জ্ঞান লাভ করতে পারবে	এই কোর্সে বর্তমান বাংলাদেশের সমাজ ও রাজনীতি সাহিত্য পাঠ করবে। বাংলাদেশের সাহিত্যিকদের কাব্য-কবিতা, উপন্যাস, নাটক, গল্প পাঠ করবে আর কিছু স্মৃতিকথা, মুক্তিযুদ্ধ আত্মজীবনী পাঠ করবে। সাহিত্যিকদের জীবন সম্পর্কে জানবে এবং সমাজ সংস্কৃতি রাজনীতি বিশেষ করে মুক্তিযুদ্ধ সম্পর্কে জ্ঞান লাভ করতে পারবে।
BANG-ST(H)-401-406	বিশেষপত্র – বিশ শতকের অধুনিক কবিতা	এই কোর্সে বিশ শতকের অর্থাৎ ১৯০০-১৯৯৯ পর্যন্ত বাংলা আধুনিক কবিতার ইতিহাস ও তত্ত্বগত সমালোচনার দিকগুলির সঙ্গে সাহিত্য আন্দোলন ও পত্র-পত্রিকার গুরুত্ব পাঠ করবে। সময়ের মাপকাঠিতে দাঁড়িয়ে জীবনানন্দ দাশ, নজরুল ইসলাম, মোহিতলাল মজুমদার, বুদ্ধদেব বসু, সুধীন্দ্রনাথ দত্ত, সুভাষ মুখোপাধ্যায়, প্রণবেন্দু দাশগুপ্ত, অলোকরঞ্জন দাশগুপ্ত প্রমুখের আধুনিক কবিতা পাঠ করবে। পাশাপাশি বাংলাদেশের আধুনিক কবিতার পাঠ ও নেবে।	ছাত্রছাত্রীরা এই কোর্স থেকে কবিতা সম্পর্কে সামগ্রিক একটা ধারণা পাবে। এবং একই সঙ্গে কবিদের ব্যক্তিগত জীবন সম্পর্কে তাদের কাছে পরিচয় ঘটবে।